ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৪৮

কাঞ্চনপুর, ১৬ মে, ২০২৫

**কাঞ্চনপুরে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি অনুষ্ঠিত**

নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ কাঞ্চনপুরে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচি অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ কাঞ্চনপুর টাউনহলে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, এমডিসি শৈলেন্দ্র নাথ, এমডিসি স্বপ্নারাণী দাস, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার, মহকুমা পুলিশ আধিকারিক আশীষ ঠাকুর, ডিসিএম রাজীব ভট্টাচার্য, ডিসিএম অনন্ত কুমার দাস প্রমুখ।

অনুষ্ঠানে অতিথিগণ বাল্যবিবাহ প্রতিরোধ, মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনা, মহিলা সশক্তিকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির অঙ্গ হিসেবে আজ কাঞ্চনপুর বাজারে বাল্যবিবাহ প্রতিরোধের উপর একাংক নাটক অনুষ্ঠিত হয়। এছাড়াও ক্যারিয়ার কাউন্সিলিং, ক্যারিয়ার ওরিয়েন্টেড ফিল্ড ভিজিট, চলচিত্র, ছবি প্রদর্শন ইত্যাদির কর্মসূচি অনুষ্ঠিত হয়।

******